

🗏 আত-তাওবা | At-Tawba | ٱلتَّوْبَة

আয়াতঃ ৯: ১২৯

💵 আরবি মূল আয়াত:

فَإِن تَوَلَّوا فَقُل حَسبِىَ اللَّهُ * لَا اِلْهَ اِلَّه هُوَ ؟ عَلَيهِ تَوَكَّلتُ وَ هُوَ رَبُّ العَرشِ العَظِيم ﴿١٢٩﴾

অতঃপর যদি তারা বিমুখ হয়, তবে বল, 'আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই। আমি তাঁরই উপর তাওয়াক্কল করেছি। আর তিনিই মহাআরশের রব'। — আল-বায়ান

এ সত্ত্বেও যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে বলে দাও- আল্লাহ্ই আমার জন্য যথেষ্ট, তিনি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই, তাঁর উপরই আমি ভরসা করি, তিনি হলেন মহান আরশের মালিক। — তাইসিরুল

অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে তুমি বলে দাওঃ আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ছাড়া অন্য কেহ মা'বৃদ নেই, আমি তাঁরই উপর নির্ভর করছি, আর তিনি হচ্ছেন অতি বড় আরশের মালিক। — মুজিবুর রহমান

But if they turn away, [O Muhammad], say, "Sufficient for me is Allah; there is no deity except Him. On Him I have relied, and He is the Lord of the Great Throne." — Sahih International

১২৯. অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয় তবে আপনি বলুন, 'আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ছাড়া কোন সত্য ইলাহ নেই(১)। আমি তারই উপর নির্ভর করি এবং তিনি মহাআরশের(২) রব।

- (১) অর্থাৎ আপনার যাবতীয় চেষ্টা-তদবীরের পরও যদি কিছু লোক ঈমান গ্রহণে বিরত থাকে, তবে ধৈর্য ধরুন এবং আল্লাহর উপর ভরসা রাখুন। কারণ নবীগনের সমস্ত কাজ হল স্নেহ-মমতা ও হামদর্দির সাথে আল্লাহর পথে মানুষকে ডাকা, তাদের পক্ষ থেকে অবজ্ঞা ও যাতনার সম্মুখীন হলে, তা আল্লাহর প্রতি সোপর্দ করা এবং তাঁরই উপর ভরসা রাখা।
- (২) আরশ সম্পর্কে আলোচনা সূরা আল-আ'রাফের ৫৪ নং আয়াতে চলে গেছে।

তাফসীরে জাকারিয়া

(১২৯) অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়,[1] তবে তুমি বলে দাও, 'আমার জন্য তো আল্লাহই যথেষ্ট।[2] তিনি ছাড়া অন্য কোন (সত্য) উপাস্য নেই। আমি তাঁরই উপর নির্ভর করেছি, আর তিনি হচ্ছেন অতি বড় আরশের মালিক।' [3]





- [1] অর্থাৎ, তোমার নিয়ে আসা শরীয়ত ও রহমতের দ্বীন থেকে।
- [2] যিনি আমাকে কাফের ও অস্বীকারকারীদের চক্রান্ত থেকে বাঁচিয়ে নেবেন।
- [3] প্রকাশ থাকে যে, এই আয়াত পড়লে আল্লাহ সকল দুশ্ভিতা ও সমস্যার জন্য যথেষ্ট হন-- এ হাদীসটি জাল।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1364

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন